

১৫/০৩/১৬  
DSE-1/2  
ARE  
R.T.  
১৫/৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ বেতার  
সদর দপ্তর  
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি  
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।  
website: www.betar.gov.bd

নং- ১৫.৫৩.০০০০.০১২.৩১.৯০২.১৮- ৭৫৬

তারিখ: ২৭/০৩/১৬

সচিব,  
তথ্য মন্ত্রণালয়,  
বাংলাদেশ সচিবালয়  
ঢাকা।

বিষয়: ট্রান্সক্রিপশন সার্ভিস, বাংলাদেশ বেতার, ঢাকার মরহুম মোঃ আকবর হোসেন, সাবেক সহকারী পরিচালক (অনুষ্ঠান) এর চাকরিরত অবস্থায় মৃত্যুবরণ করায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের কল্যাণ শাখায় আর্থিক সহায়তা অনুদান মঞ্জুরী প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ট্রান্সক্রিপশন সার্ভিস, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকার, সাবেক সহকারী পরিচালক(অনুষ্ঠান), মরহুম মোঃ আকবর হোসেন গত ০৩-১১-২০১৭খ্রিঃ তারিখে চাকুরিরত অবস্থায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেন(কপি সংযুক্ত)। জনপ্রশাসন মন্ত্রণালয়ের কল্যাণ শাখার ২৭ জুন ২০১৬ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১২৩.০৫.০০১.১৬-৭০০/১(৬৬) নম্বর পত্রের মর্মানুযায়ী জনপ্রশাসন মন্ত্রণালয়ের কল্যাণ শাখা থেকে আর্থিক অনুদান মঞ্জুরীর লক্ষ্যে নির্ধারিত ফরমে এককালীন = ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকা মাত্র আর্থিক অনুদানের জন্য তার বিধবা মা মিসেস তফিরুন নেসা আবেদন করেছেন। উল্লেখ্য যে, মৃত্যু কালে তিনি মা, এক ভাই ও এক বোন রেখে যান (ওয়ারিশ সনদপত্র কপি সংযুক্ত)।

২। উপর্যুক্ত সার্ভিসের আলোকে ট্রান্সক্রিপশন সার্ভিস, বাংলাদেশ বেতার, ঢাকার সাবেক সহকারী পরিচালক (অনুষ্ঠান), মরহুম মোঃ আকবর হোসেন এর মৃত্যু জনিত কারণে সরকারি বিধান মোতাবেক আর্থিক অনুদান মঞ্জুরীর লক্ষ্যে তার বিধবা মা মিসেস তফিরুন নেসা এর আবেদন পত্রসহ নির্ধারিত কাগজপত্রাদি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশসহ এতদসঙ্গে প্রেরণ করা হলো :

১।	নির্ধারিত ফরমে আবেদন পত্র -	:	২ (দুই) কপি
২।	মৃত্যুর সনদপত্র (সত্যায়িত ছায়াছবি) -	:	২ (দুই) কপি
৩।	ওয়ারিশান সনদপত্র -	:	২ (দুই) কপি
৪।	ক্ষমতা অর্পন পত্র -	:	২ (দুই) কপি
৫।	পুণঃ বিবাহ না করার প্রত্যয়ন পত্র -	:	২ (দুই) কপি
৬।	প্রজ্ঞাপন -	:	২ (দুই) কপি
৭।	রাজস্ব খাতের পদধারী সংক্রান্ত প্রত্যয়ন -	:	২ (দুই) কপি
৮।	জাতীয় পরিচয় পত্রের কপি -	:	২ (দুই) কপি

সংযুক্ত: যথাবর্ণিত।




নারায়ণ চন্দ্র শীল  
মহাপরিচালক  
টেলিফোন : ৪৪৮১৩০৬২

নং- ১৫.৫৩.০০০০.০১২.৩১.৯০২.১৮- ৭৫৬

তারিখ: ২৭/০৩/১৬

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। উপ-মহাপরিচালক(অনুষ্ঠান), বাংলাদেশ বেতার, ঢাকা।
- ২। সিনিয়র প্রোগ্রামার, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। পরিচালক, ট্রান্সক্রিপশন সার্ভিস, বাংলাদেশ বেতার, ঢাকা।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। মাতা মিসেস তফিরুন নেসা, ছেলে- মরহুম মোঃ আকবর হোসেন, সাবেক সহকারী পরিচালক (অনুষ্ঠান) ট্রান্সক্রিপশন সার্ভিস, বাংলাদেশ বেতার, ঢাকা।
- ৬। মাস্টার ফাইল।

  
মোহাম্মদ হাশিমুর রহমান  
উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)  
মহাপরিচালকের পক্ষে